DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) • তৈরি: 15 Jul 2026, 04:52 PM

আন্তর্জাতিক

# আগামী সপ্তাহে ইরানের বিদ্যুৎকেন্দ্র ও সেতুতে হামলার হুমকি ট্রাম্পের

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক
প্রকাশের তারিখ: বুধবার, ১৫ জুলাই ২০২৬, ০৮:৩৯ PM



যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, তেহরান সমঝোতার পথে না এলে আগামী সপ্তাহে ইরানের বিদ্যুৎকেন্দ্র ও সেতুগুলোতে যুক্তরাষ্ট্রের হামলা আরও জোরদার করা হবে।

মঙ্গলবার মার্কিন সংবাদমাধ্যম ফক্স নিউজকে দেওয়া এক সাক্ষাৎকারে ট্রাম্প বলেন, “আগামী সপ্তাহে ইরানের জন্য পরিস্থিতি আরও ভয়াবহ হবে। তখন ইরানের বিদ্যুৎকেন্দ্রগুলো যুক্তরাষ্ট্রের হামলার লক্ষ্যবস্তু হবে। এরপর সেতুগুলোতেও হামলা চালানো হবে।”

তিনি আরও বলেন, “তারা আলোচনার টেবিলে এসে সমঝোতায় না পৌঁছানো পর্যন্ত আমরা তাদের সব বিদ্যুৎকেন্দ্র এবং সব সেতু ধ্বংস করে দেব।”

ট্রাম্পের এই মন্তব্য এমন সময়ে এলো, যখন টানা চতুর্থ দিনের মতো যুক্তরাষ্ট্রের বাহিনী ইরানে হামলা চালিয়েছে এবং দেশটির বন্দরগুলোতে পুনরায় নৌ অবরোধ আরোপ করেছে।

দুই পক্ষের মধ্যে গত ১৭ জুন কার্যকর হওয়া নাজুক যুদ্ধবিরতি কার্যত ভেঙে পড়েছে। বর্তমানে উভয় পক্ষের সংঘাতের কেন্দ্রবিন্দু হয়ে উঠেছে কৌশলগতভাবে অত্যন্ত গুরুত্বপূর্ণ হরমুজ প্রণালীর নিয়ন্ত্রণ নিয়ে।

যুক্তরাষ্ট্রের হামলা কতদিন চলবে□এমন প্রশ্নের জবাবে ট্রাম্প বলেন, □ইরানের ওপর হামলা ততক্ষণ পর্যন্ত চলবে যতক্ষণ না তিনি তা বন্ধ করার সিদ্ধান্ত নেন। □

---

## এ বিভাগের আরও খবর



**বীজ বিক্রেতা থেকে যেভাবে বিশ্বসেরা কফি ব্র্যান্ড হলো স্টারবাকস**
সময়টা ১৯৮৩ সাল। স্টারবাকস তখন কেবল কফির বীজ বিক্রির একটি সাধারণ প্রতিষ্ঠান। আর হাওয়ার্ড শুল্টজ ছিলেন সেই কোম্পানির মার্কেটিং ডিরেক্টর। ব্যব...



**যৌন নিপীড়নের দায়ে অবশেষে ৫৬ লাখ ডলার জরিমানা দিলেন ট্রাম্প**
মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প অবশেষে লেখক ও সাবেক কলামিস্ট ই. জিন ক্যারলকে যৌন নিপীড়ন ও মানহানি মামলায় আদালতের নির্দেশ অনুযায়ী ৫৬ লাখ...



**মার্কিন হামলায় ইরানে নিহত ৩০**
ইরানের দক্ষিণাঞ্চলে সাম্প্রতিক মার্কিন হামলায় ৩০ জনেরও বেশি বেসামরিক নাগরিক নিহত হয়েছেন বলে দাবি করেছে তেহরান। বুধবার দেশটির সরকারি মুখপাত্র...




**ভারতসহ পাঁচ দেশের ওপর ১০০ শতাংশ পর্যন্ত শুল্কের প্রস্তাব যুক্তরাষ্ট্রের**

আবারও শুল্কনীতি নিয়ে আলোচনায় যুক্তরাষ্ট্র। রাশিয়া থেকে তেল ও প্রাকৃতিক গ্যাস আমদানি অব্যাহত রাখা দেশগুলোর ওপর কঠোর অর্থনৈতিক চাপ বাড়াতে...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/international/agami-sptahe-iraner-bidjutkendr-o-setute-hamlar-humki-tramper